দৈনিক ইনকিলাব

তারিখ 0 8 JUN 2008
পৃষ্ঠা ১ কলাম ৫

*এইচএসসি বাংলা ২য় পত্র*

# প্রশ্নপত্রে ভুলের জন্য কোন পরীক্ষার্থী ক্ষতিগ্রস্ত হবে না

## *দুটির উত্তর দিলেও পুরো নম্বর দেয়ার সিদ্ধান্ত*

স্টাফ রিপোর্টার

ঢাকা বোর্ডের এইচএসসি বাংলা দ্বিতীয়পত্রের পরীক্ষায় প্রশ্নপত্রে ভুলের জন্য কোন পরীক্ষার্থী ক্ষতিগ্রস্ত হবে না। প্রশ্নপত্রে ভুলের কারণে ছয়টির বদলে দুটি প্রশ্নের জবাব কেউ দিলেও পুরোপুরি নম্বর দেয়া হবে। এছাড়া এই ভুলের সঙ্গে জড়িতদের চিহ্নিত করে শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হবে বলে জানা গেছে। গত বৃহস্পতিবার অনুষ্ঠিত বাংলা দ্বিতীয়পত্রের পরীক্ষার প্রশ্নপত্রে ভুলের কারণে ঢাকা বোর্ড কর্তৃপক্ষ এ সিদ্ধান্ত নিয়েছে। ঢাকা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মোঃ মনিরুল পৃঃ ২ঃ কঃ ৫

## প্রশ্নপত্রে ভুলের জন্য কোন

*প্রথম পৃষ্ঠার পর*

ইসলাম বলেন, প্রথমে চিহ্নিত করা হবে এই ভুলের দায়দায়িত্ব কার। তিনি বলেন, কোন পরীক্ষার্থী এজন্য ক্ষতিগ্রস্ত হবে না। বাংলা দ্বিতীয়পত্রের প্রশ্নপত্রে পাঁচ নম্বরের গ এবং ঘ নম্বরে ছয়টি প্রশ্নের জবাব চাওয়ার কথা। গ নম্বরে প্রকৃতি ও প্রত্যয় নির্ণয়ে ছয় নম্বর এবং ঘ নম্বরে ব্যাসবাক্যসহ সমাসের নাম লিখতে ছয় নম্বর বরাদ্দ ছিল। কিন্তু ভুলক্রমে 'ছটি' শব্দের 'ছ' এর পরিবর্তে 'দু' ছাপা হয়েছে। এর ফলে পরীক্ষার্থীদের কেউ ছয়টি এবং কেউ কেউ দুটি প্রশ্নের জবাব দিয়েছে। পরীক্ষার্থীরা পরামর্শ চাইলেও হল পরিদর্শকরা তাৎক্ষণিক সিদ্ধান্ত দিতে পারেননি। এ প্রসঙ্গে ঢাকা বোর্ডের চেয়ারম্যান বলেন, যারা ছয়টি প্রশ্নের উত্তর দিয়েছে তারাও ঠিক এবং যারা প্রশ্নপত্রে ভুলের কারণে দুটি প্রশ্নের উত্তর দিয়েছে তারাও ঠিক। কেউ ক্ষতিগ্রস্ত হবে না।